

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
বানিয়াচং, হবিগঞ্জ।

স্মারক নং: উমাশিঅ/বানি/ ৯৪৫(১)

তারিখ: ২৪/১১/২০২১


বিষয়: সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে।

উল্লেখিত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বানিয়াচং উপজেলা পরিষদের সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির এক সভা আগামী ৩০/১১/২০২১ ইং, সকাল ১০.০০ ঘটিকায় স্থায়ী কমিটির সভাপতি মহিলা ভাইস চেয়ারম্যান মোছা: হাসিনা আক্তার এর সভাপতিত্বে তাহার কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

কমিটির সদস্যবৃন্দকে যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

প্রাপকঃ

- ১। মহিলা ভাইস চেয়ারম্যান
- ২। চেয়ারম্যান, ২নং বানিয়াচং উত্তর-পশ্চিম ইউপি।
- ৩। চেয়ারম্যান, ৯নং পুকরা ইউপি।
- ৪। চেয়ারম্যান, ৫নং দৌলতপুর ইউপি।


(মো: কাওছার শোকরানা)
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও
সদস্য সচিব
সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি
বানিয়াচং, হবিগঞ্জ।

সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী:

সভাপতি: জনাব মোছা: হাসিনা আক্তার
মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, বানিয়াচং, হবিগঞ্জ।

সভার স্থান: মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।

তারিখ: ৩০/১১/২০২১ ইং, সময়: সকাল-১০.০০ মিনিট।


সভার উপস্থিতি পরিশিষ্ট "ক"তে দেখানো হল।

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানান। সভাপতি মহোদয় সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির কার্যক্রম ও গুরুত্ব নিয়ে আলোচনা করেন। সভাপতি মহোদয়ের আলোচনা শেষে সদস্য সচিব ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বানিয়াচং কে উপজেলা সাংস্কৃতিক কর্মকান্ড, উপজেলার শিল্পকলা একাডেমি এবং সাংস্কৃতিক কর্মকান্ডের বিভিন্ন বিষয়ে আলোচনা ও সমস্যা নিয়ে বক্তব্য উপস্থাপনের আহ্বান জানান। মাধ্যমিক শিক্ষা অফিসার নিম্নোক্ত বিষয় নিয়ে আলোচনা করেন:-

১। মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ২০০৭ সালের দিকে তৎকালীন উপজেলা নির্বাহী অফিসারের তত্ত্বাবধানে বানিয়াচং সাংস্কৃতিক পরিষদ গঠিত হয়। পরবর্তীতে বানিয়াচং সাংস্কৃতিক পরিষদের কার্যক্রম বানিয়াচং উপজেলা শিল্পকলা একাডেমী নামে রূপান্তরিত হয়। ইতিপূর্বে শিল্পকলা একাডেমীতে নৃত্য, তবলা ও সংগীত বিষয়ে একাডেমিক কার্যক্রম চলমান ছিল। বর্তমানে একাডেমিক কার্যক্রম বন্ধ আছে। সভায় উপজেলার সাংস্কৃতিক কর্মকান্ড বৃদ্ধি করতে বানিয়াচং উপজেলা শিল্পকলা একাডেমির পুনরায় চালুর জন্য প্রস্তাব করেন। এর জন্য প্রশিক্ষক নিয়োগ, প্রশিক্ষকদের সম্মানী প্রদানের জন্য আর্থিক বরাদ্দ প্রয়োজন বলে জানান।

সিদ্ধান্ত ৪ উপস্থিত সদস্য বৃন্দ মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রস্তাবে সম্মতি প্রকাশ করেন। সদস্য বৃন্দ প্রস্তাব বাস্তবায়নে উপজেলা শিল্পকলা একাডেমির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার কে অনুরোধ করেন। আনুষঙ্গিক খরচ প্রদানে সহযোগিতার জন্য উপজেলা পরিষদের চেয়ারম্যান কে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের অনুরোধ জানান।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোছা: হাসিনা আক্তার)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি

বানিয়াচং, হবিগঞ্জ।


স্মারক নং: উমাশিঅ/বানি-



তারিখ: ০২/১১/২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ বানিয়াচং
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, হবিগঞ্জ
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, বানিয়াচং, হবিগঞ্জ
- ৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বানিয়াচং



(মো: কাওছার শৌকরানা)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটি

বানিয়াচং, হবিগঞ্জ।





পরিসিষ্ট “ক”

সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভার উপস্থিতির স্বাক্ষর বিবরণীঃ

সভার স্থানঃ মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়

বানিয়াচং, হবিগঞ্জ।

তারিখ- ৩০/১১/২০২২

ক্রমিক নং	নাম	অফিসিয়াল পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	মোছাঃ হাসিনা আক্তার	মহিলা ভাইস চেয়ারম্যান	সভাপতি	
০২	মোঃ ওয়ারিশ উদ্দিন খান	চেয়ারম্যান, ২নং বানিয়াচং উত্তর-পশ্চিম ইউপি	সদস্য	
০৩	মোঃ আনোয়ার হোসেন	চেয়ারম্যান, ৯নং পুকড়া ইউপি	সদস্য	
০৪	মোঃ লুৎফর রহমান	চেয়ারম্যান, ৫নং দৌলতপুর ইউপি	সদস্য	
০৫	মোঃ কাওছার শোকরানা	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	সদস্য সচিব	